JUL. 30 1999

তারিখ JUL 30 1999
পৃষ্ঠা ২ কলাম ৭

ভোরের কাগজ

# গণবিশ্ববিদ্যালয়ের অচলাবস্থার অবসান

কাগজ ডেস্ক : গণবিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক অচলাবস্থার অবসান হয়েছে। গতকাল বৃহস্পতিবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির মধ্যস্থতায় ছাত্রছাত্রী ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আলোচনায় কর্তৃপক্ষ ছাত্রদের সব দাবি মেনে নিলে অচলাবস্থার অবসান ঘটে বলে আমাদের জা.বি প্রতিনিধি জানিয়েছেন।

সাভার প্রতিনিধি জানান, তবে সন্ত্রাসীদের ভয়ে অনেকে ক্যাম্পাসে যেতে সাহস না পেয়ে বিভিন্নস্থানে আত্মগোপন করে আছে। এদিকে বহিরাগত সন্ত্রাসীরা বিভিন্ন পয়েন্টে অবস্থান করছে বলে অভিযোগ পাওয়া গেছে। অনেক ছাত্রছাত্রী তাদের আবাসিক হলের নিজ নিজ রুমে তালা লাগিয়ে ক্যাম্পাস ছেড়ে গেলে কর্তৃপক্ষও সেই রুমগুলোতে তালা লাগিয়ে দেওয়ার উদ্যোগ নিচ্ছে বলে জানা গেছে।

ধামরাই প্রতিনিধি জানান, গতকাল সন্ধ্যা ৭টায়ও শখানেক ছাত্রছাত্রীকে ঢাকা-আরিচা মহাসড়কের পাশে অবস্থান করতে দেখা গেছে। ঐ সময় বিশ্ববিদ্যালয়ের মূল ফটক দুটি তালা ঝুলিয়ে বন্ধ রাখা ছিল।

এদিকে পুলিশের উচ্চ পর্যায় থেকে স্থানীয় প্রশাসনের কাছে নির্দেশ এসেছে যেন কোনো অবস্থাতেই ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ না হয়। সে কারণে ঘটনাস্থলে বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছে।